

চট্টগ্রামে বৃটিশ শিক্ষামেলা

চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র আলহাজ্ব এম মঞ্জুর আলম বলেছেন, বাংলাদেশি শিক্ষার্থীরা বৃটিশ ডিগ্রি অর্জনের মাধ্যমে বিদেশে ভালো চাকরি পাওয়ার সুযোগ পান। বৃটিশ কাউন্সিল ১৯৫৩ সাল থেকে শিক্ষাবিষয়ক তথ্য দিয়ে বাংলাদেশি শিক্ষার্থীদের সহযোগিতা করে আসছেন। নগরীর ক্লিইসি বোর্ডের পেনিনসুলা হোটেলে সোমবার সকালে 'এডুকেশন ইউকে এক্সিবিশন-২০১২' নামে দিব্যাস্ত্রী শিক্ষামেলার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন- বৃটিশ কাউন্সিল বাংলাদেশের কাঙ্কি ডিরেক্টর, রোজমেরি আনন্ট এবং উপস্থিত ছিলেন হেড অফ পারফরম্যান্স, মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশনস্ রাইকা ওয়ালি বান।

যুক্তরাজ্যে উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহীদের জন্য এই মেলায় আয়োজন করে বৃটিশ কাউন্সিল বাংলাদেশ। যুক্তরাজ্যের স্বনামধন্য ২১টি কলেজ, বিশ্ববিদ্যালয় ও শিক্ষাবিষয়ক প্রতিষ্ঠান অংশ নিচ্ছে মেলায়। প্রতিষ্ঠানগুলো হলো- বার্মিংহাম সিটি ইউনিভার্সিটি, বিপিপি ইউনিভার্সিটি কলেজ, ব্রাডফোর্ড কলেজ, ক্যামব্রিজ এডুকেশন গ্রুপ, ক্যান্টারবারি ক্রাইস্ট চার্চ ইউনিভার্সিটি, সিটি অফ লন্ডন কলেজ, ডেভিড গেন কলেজ, ডে মন্টফোর্ট ইউনিভার্সিটি, এডিনবার্গ নেপিয়ার ইউনিভার্সিটি, আইকন কলেজ অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট লন্ডন, লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি, ম্যানচেস্টার মেট্রোপলিটন ইউনিভার্সিটি, মিডলসেক্স ইউনিভার্সিটি লন্ডন, নিউক্যাসল ইউনিভার্সিটি, কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডন, ইউনিভার্সিটি কলেজ বার্মিংহাম, ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার, ইউনিভার্সিটি অব ইস্ট লন্ডন, ইউনিভার্সিটি অব গ্রিনউইচ লন্ডন, ইউনিভার্সিটি অব হার্টফোর্ডশায়ার এবং ইউনিভার্সিটি অব নর্দাম্পটন।

ডায়াজ্ঞা একটি স্টলে বৃটিশ কাউন্সিলের কর্মকর্তারা মেলায় আগতদের বৃটিশ কাউন্সিল বাংলাদেশের বিভিন্ন সেবা সম্পর্কে তথ্য প্রদান করেন। একই স্টলে যুক্তরাজ্যে উচ্চ শিক্ষার্থে যেতে আগ্রহীদের জন্য স্টুডেন্ট ভিসা সম্পর্কেও তথ্য প্রদান করেন ইউকে বর্ডার এজেন্সির কর্মকর্তারা।

দর্শনার্থীরা মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে যুক্তরাজ্যে আভারপ্র্যাক্টিস, পোস্টগ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স, বৃত্তির স্বরাস্ববরসহ যুক্তরাজ্যে পড়াশোনা বিষয়ক বিস্তারিত তথ্য জানার সুযোগ পান। দর্শনার্থীদের জন্য মেলা উন্মুক্ত ছিল দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত।